রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২০, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১ কার্তিক ১৪১৮ বঙ্গাব্দ/১৬ অক্টোবর ২০১১ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং ৩১৫-আইন/২০১১**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ধারা ২৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জাতীয় মহিলা সংস্থা (কর্মকর্তা, কর্মচারী) চাকুরী বিধিমালা, ১৯৯৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ১৫ এর উপ-বিধি (১) এর দফা (ঝ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঝ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ঝ) অবসর পরবর্তী ছুটি।";

(২) বিধি ২২ এর উপ-বিধি (১) এর "তিন মাস" এর পরিবর্তে "ছয় মাস" প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ২৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২৩ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"২৩। **অবসর পরবর্তী ছুটি।**—(১) কোন কর্মচারী তাহার সর্বশেষ বেতনের বার মাস পর্যন্ত পূর্ণ গড় বেতনে অবসর পরবর্তী ছুটি পাইবেন।

(২) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে ১ (এক) মাস পূর্বে অবসর পরবর্তী ছুটির জন্য আবেদন করিবেন এবং অবসর গ্রহণের তারিখে অবসর পরবর্তী ছুটিতে যাইবেন।



মূল্য ঃ টাকা ৪.০০

(৩) উপ-বিধি (১) এর অধীনে অবসর পরবর্তী ছুটি মঞ্জুরীর পর কোন কর্মচারীর অর্জিত ছুটি পাওনা থাকিলে তিনি অর্জিত ছুটির অনধিক বার মাস পর্যন্ত নগদায়ন গ্রহণ করিতে পারিবেন।";

(৪) বিধি ৫৬ এর পর নিম্নরূপ বিধি ৫৭ সংযোজিত হইবে, যথা ঃ—

"৫৭। **হেফাজত সংক্রান্ত বিশেষ বিধান।**—এই প্রজ্ঞাপন জারীর তারিখে বিদ্যমান তফসিলে উল্লিখিত—

(ক) অতিরিক্ত নির্বাহী পরিচালক, নির্বাহী অফিসার, প্রশিক্ষণ সহকারী ও আয়া পদসমূহ বিলুপ্ত হইবে এবং উক্তরূপ বিলুপ্ত হওয়া সত্ত্বেও বিলুপ্ত পদে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ সরকার কর্তৃক তাঁহাদের পূর্বের চাকরির শর্তাবলী পুনঃনির্ধারিত বা পরিবর্তিত না হওয়া পর্যন্ত পূর্বের ন্যায় অব্যাহত থাকিবে;

(খ) থানা সংগঠক (কর্মকর্তা) এবং নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক পদসমূহ বিলুপ্ত হইবে এবং উক্ত বিলুপ্ত পদে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণ যথাক্রমে, উপজেলা সংগঠক এবং অফিস সহকারী (সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) পদে পদায়িত হইয়াছেন বলিয়া গণ্য হইবে।";

(৫) তফসিল এর পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা—

**"তফসিল"**

[ বিধি ২(চ) দ্রষ্টব্য ]

| ক্রং নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | পরিচালক | ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্যে হইতে প্রেষণে বদলীর মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** উপ-পরিচালক পদে ৭ (সাত) বৎসরের চাকরি; **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং প্রথম শ্রেণীর পদে ১০ (দশ) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২। | উপ-পরিচালক | ৩৭ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাদের মধ্যে হইতে প্রেষণে বদলীর মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী পরিচালক পদে অথবা বিলুপ্ত নির্বাহী অফিসার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং প্রথম শ্রেণীর পদে ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ৩। | সহকারী-পরিচালক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে এবং সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** প্রশাসনিক কর্মকর্তা, প্রকল্প কর্মকর্তা, মূল্যায়ন কর্মকর্তা, প্রকাশনা কর্মকর্তা, জেলা কর্মকর্তা, হিসাব রক্ষণ কর্মকর্তা পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৪। | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** পি, এ (সাঁট লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর), সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটরস অথবা উপজেলা সংগঠক পদে ৫ (পাঁচ) বৎসর, অথবা অফিস সহকারী (সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) পদে ০৭ (সাত) বৎসরের চাকরি;<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫। | হিসাব রক্ষণ কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** হিসাব রক্ষক পদে ৫(পাঁচ) বৎসরের চাকরি; **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী |
| ৬। | প্রকল্প কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** পি, এ (সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর), সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর অথবা উপজেলা সংগঠক পদে ৫(পাঁচ) বৎসর, অথবা অফিস সহকারী (সাঁট মুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর) পদে ০৭(সাত) বৎসরের চাকরি; **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৭। | মূল্যায়ন কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** পি, এ (সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর), সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর অথবা উপজেলা সংগঠক পদে ৫ (পাঁচ) বৎসর, অথবা অফিস সহকারী (সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) পদে ০৭(সাত) বৎসরের চাকরি; **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৮। | প্রকাশনা কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** পি, এ (সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর), সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর অথবা উপজেলা সংগঠক পদে ৫ (পাঁচ) বৎসর, অথবা অফিস সহকারী (সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) পদে ০৭(সাত) বৎসরের চাকরি; **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯। | জেলা কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) ৬০% পদোন্নতির মাধ্যমে: এবং<br>(খ) ৪০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রেঃ পি. এ (সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর), সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটরস অথবা উপজেলা সংগঠক পদে ৫ (পাঁচ) বৎসর, অথবা অফিস সহকারী (সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) পদে ০৭(সাত) বৎসরের চাকরি;<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১০। | পি. এ (সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর) | ৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে: এবং<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রেঃ সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর অথবা অফিস সহকারী (সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) পদে ৫(পাঁচ) বৎসরের চাকরি;<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ স্নাতক ডিগ্রী এবং কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেটসহ বাংলা ও ইংরেজী শর্টহ্যান্ড টাইপে প্রতি মিনিটে যথাক্রমে, ২০ ও ২৫ শব্দের গতি। |
| ১১। | উপজেলা সংগঠক | ৩০ বৎসর | (ক) ৬০% পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রেঃ ট্রেড প্রশিক্ষক, অফিস সহকারী (সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) অথবা ষ্টোর কীপার পদে ৫(পাঁচ) বৎসরের চাকরি;<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ১২। | হিসাব রক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির ক্ষেত্রেঃ ক্যাশিয়ার পদে ৭ (সাত) বৎসরের চাকরি;<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। |
| ১৩। | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বাংলা ও ইংরেজী শর্টহ্যান্ড এবং কম্পিউটার টাইপে প্রতি মিনিটে যথাক্রমে, ১৫ ও ২০ শব্দের গতি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪। | ট্রেড প্রশিক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে এবং সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** ট্রেড সহকারী পদে ৭ (সাত) বৎসরের চাকরিসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং ট্রেড কোর্সের সার্টিফিকেট; **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ট্রেড কোর্সের সার্টিফিকেট। |
| ১৫। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যম, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** ক্যাশ সরকার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি; **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬। | স্টোর কীপার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যম, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** ডেসপাস রাইডার পদে ৫ (পাঁচ) বৎসর, অথবা বার্তাবাহক বা এম, এল, এস, এস পদে ৭ (সাত) বৎসরের চাকরিসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৭। | অফিস সহকারী (সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর) | ৩০ বৎসর | (ক) ২০% পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৮০% সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** ডেসপাস রাইডার পদে ৫ (পাঁচ) বৎসর, অথবা বার্তাবাহক বা এম, এল, এস, এস পদে ৭ (সাত) বৎসরের চাকরিসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বাংলা ও ইংরেজী শর্টহ্যান্ড এবং টাইপিং এ প্রতি মিটিটে যথাক্রমে ১৫ ও ২০ শব্দের গতি; **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বাংলা ও ইংরেজী শর্টহ্যান্ড এবং টাইপিং এ প্রতি মিনিটে যথাক্রমে ১৫ ও ২০ শব্দের গতি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৮। | গাড়ী চালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাশ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারী অথবা হালকা গাড়ী চালনায় ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৯। | ক্যাশ সরকার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ** এম, এল, এস, এস পদে ৫(পাঁচ) বৎসরের চাকরি; **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২০। | ডেসপাস রাইডার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** এম, এল, এস, এস অথবা নৈশ প্রহরী পদে ৫(পাঁচ) বৎসরের চাকরি এবং বৈধ লাইসেন্সসহ মোটর সাইকেল চালনায় অভিজ্ঞতা; **সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ** মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ লাইসেন্সসহ মোটর সাইকেল চালনায় অভিজ্ঞতা। |
| ২১। | বার্তাবাহক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাশ। |
| ২২। | ট্রেড সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাশ। |
| ২৩। | এম,এল,এস, এস | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাশ। |
| ২৪। | নৈশ প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাশ। |
| ২৫। | ঝাড়ুদার/মালী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাশ।"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

তারিক-উল-ইসলাম
সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd